

# দুপুরে গ্রামের পথ

দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়

দুপুরে গ্রামের পথ ফুলে ফুলে ছাওয়া,
কানাকানি ক'রে যায় সুরতোলা হাওয়া।
যত দূরে হেঁটে যাই গাছে গাছে কারা
মধুর ছায়ার আড়ে রেখেছে পাহারা।
হেথাহোথা বাঁশবন ফিঙে ঝাঁকে ঝাঁকে
সারাদিন ডাক দেয় তোমাকে আমাকে।

সে ডাকে কে সাড়া দেয়, পাশের পুকুরে
বাঁশপাতা ঝরে শুধু কাছ থেকে দূরে।
কখনও আকাশ হাসে জলে মুখ দেখে,

দুটি হাঁস জলে নামে পানাতে গা ঢেকে।
আর সব চুপচাপ, ফিসফাস হাওয়া
পা টিপে পা টিপে পথে করে আসা যাওয়া;
কে কোথায় ঘুম যায়, বুঝি তারই তরে।
আগে কি জানি সে আমি ঘরেরই ভিতরে।

**জেনে রাখো**

| | | |
|---|---|---|
| কানাকানি | – | কানে কানে কথা বলা |
| আড়ে | – | আড়ালে |
| হেথা হোথা | – | (কবিতার ভাষা) এখানে ওখানে |
| পানা | – | কচুরি পানা – এক রকমের লতা গাছ যা জলে জন্মায়, খুব তাড়াতাড়ি বেড়ে ওঠে। |
| ফিসফাস | – | খুব আস্তে আস্তে |
| তরে | – | (কবিতার ভাষা) জন্যে |

**কাব্য পরিচয়**

নির্জন দুপুরে গ্রামের পথে ফুলের শোভা। মৃদু হাওয়ায় সুরের ছোঁয়া। ছায়ার আড়াল থেকে গাছেদের পাহারা। বাঁশ বনে পাখির কাকলিতে শোনা যায় সকলের জন্য আহ্বান। পাশের পুকুরে বাঁশপাতা ঝরে পড়ে। পুকুরের জলে আকাশের উজ্জ্বল ছায়া। সেখানে কচুরি পানায় শরীর ঢেকে হাঁসেদের খেলা চলে। সব কিছুই হয় চুপিসাড়ে। হাওয়া যেন সেখানে সাবধানে পা ফেলে যাওয়া আসা করে; কারণ নিঃস্তব্ধ দুপুরে কে বা কোথায় ঘুমিয়ে থাকে। সেই সময়ে বাইরের প্রকৃতি ছুঁয়ে যায় কবির হৃদয় মনকে।

## পাঠবোধ

বাঁ দিকের অংশটির সঙ্গে ডানদিকের অংশটি ঠিকভাবে মিলিয়ে লেখো

| বাঁ দিক | ডান দিক |
|---|---|
| ক. কানাকানি করে যায় | ক. ফিসফাস হাওয়া |
| খ. হেথাহোথা বাঁশ বন | খ. বুঝি তারই তরে |
| গ. বাঁশপাতা ঝরে শুধু | গ. ফিঙে ঝাঁকে ঝাঁকে |
| ঘ. আর সব চুপচাপ | ঘ. কাছ থেকে দূরে |
| ঙ. কে কোথায় ঘুম যায় | ঙ. সুর তোলা হাওয়া |

2. খালি জায়গাগুলি ঠিক শব্দ দিয়ে ভরো –

   দুপুরে গ্রামের............ ফুলে ফুলে ছাওয়া

   ক. পথ খ. ঘাট

   গ. ঘর ঘ. গাছ

3. ........ছায়ার আড়ে রেখেছে পাহারা

   ক. কোমল খ. মধুর

   গ. নরম ঘ. শীতল

4. ...........ঝরে শুধু কাছ থেকে দূরে

   ক. ঝাউপাতা খ. আমপাতা

   গ. বাঁশপাতা ঘ. নিমপাতা

5. কখনও..........হাসে জলে মুখ দেখে

   ক. বাতাস খ. চাঁদ

   গ. বাদল গ. আকাশ

**সংক্ষেপে লেখো**

6. দুপুরে কোন পথ ফুলে ফুলে ছেয়ে যায়? সেখানে কেমন হাওয়া কানাকানি করে?
7. পানাতে ঢেকে কারা জলে নামে?
8. ফিঙেরা ঝাঁকে ঝাঁকে কোথায় আসে? তারা সারাদিন কাকে ডাকে?

**বিস্তারিতভাবে লেখো**

9. দুপুরে গ্রামের পথের যে রূপের কথা কবিতায় বলা হয়েছে, তা নিজের ভাষায় লেখো।
10. নির্জন দুপুরে গ্রামের পুকুরের বর্ণনা কবি যেভাবে দিয়েছেন, সহজ কথায় তা বুঝিয়ে লেখো।

**ব্যাকরণ ও নির্মিতি**

1. অনেক সময় কবিতা–গল্পে জোড়া শব্দের ব্যবহার দেখা যায়। যেমন, গলাগলি, হাতাহাতি, ধুপধাপ ইত্যাদি। 'দুপুরে গ্রামের পথ' কবিতায় এরকম শব্দ আছে। সেই শব্দগুলি খুঁজে বের করে লেখো।

2. নিচের শব্দগুলি দিয়ে বাক্য তৈরি করো

| | |
|---|---|
| গ্রাম | দূরে |
| দুপুরে | পাহারা |
| হাওয়া | সারাদিন |

3. বানানগুলি ঠিক করে লেখো –

| | |
|---|---|
| বাস পাতা | দুপূর |
| পূকুর | হাস |
| আকাস | মধূর |

4. তোমার ছুটির দিনের একটি দুপুরের কথা নিজের মতো করে বন্ধুর কাছে চিঠিতে লিখে জানাও।

**করতে পারো**

তোমরা অনেকেই হয়তো গ্রাম দেখেছ। তোমার দেখা কোন গ্রামের বাড়ি ঘর, গাছপালা, নদী ইত্যাদির ছবি আঁকতে পারো।